GANGADHARPUR MAHAVIDYAMANDIR

PLSG – Sem - IV CC-4 SAQ (Module-I)

By – DIPANNITA KUNDU

আন্তর্জাতিক সম্পর্ক :

একটা বাক্যে উত্তর দাও: (১ X ১৫)

১) আন্তর্জাতিক সম্পর্কের সংজ্ঞা দাও ।

উঃ পামার ও পার্কিনস আন্তর্জাতিক সম্পর্ককে দুনিয়া ব্যাপী মানব সমাজের পরিবর্তনশীল অবস্থার অধ্যয়ন বলে মনে করেন ।

২) আন্তর্জাতিক সম্পর্ক ও আন্তর্জাতিক রাজনীতির মধ্যে পার্থক্য কর ।

উঃ আন্তর্জাতিক সম্পর্কের ধারণা আন্তর্জাতিক রাজনীতির তুলনায় অনেক ব্যাপকতর । কারন আন্তর্জাতিক সম্পর্ক রাজনৈতিক ও অরাজনৈতিক উভয় বিষয়ই আলোচনা করে ।

৩) বাস্তববাদী তাত্বিক ই.এইচ.কার এর বিখ্যাত গ্রন্থটির নাম লেখ ।

উঃ The Twenty Year's Crisis(1939).

৪) একজন মার্কিন বাস্তববাদীর নাম উল্লেখ কর ।

উঃ হানস জে. মর্গেনথাউ ।

৫) মর্গেন থাউর এর বিখ্যাত গ্রন্থটির নাম লেখ ।

উঃ The Politics Among Nations (1948).

৬) মর্গেন থাউ বাস্তববাদের যে ছয়টি মূল সুত্রের কথা বলেছেন তার যে কোন একটির বর্ণনা দাও ।

উঃ কোনও রাষ্ট্রের জাতীয় স্বার্থ ক্ষমতার মানদণ্ডে নির্ধারিত হয় ।

৭) একজন নয়া বাস্তববাদী তাত্বিকের নাম উল্লেখ কর ।

উঃ কেনেথ ওয়ালজ ।

8) MNC র পুরো কথাটি কি?

উঃ Multi National Corporation.

৯) বিশ্ব ব্যবস্থা তত্ত্বের মুখ্য প্রবক্তা কে?

উঃ ইমানুয়েল ওয়ালারস্টাইন।

১০) ইমানুয়েল ওয়ালারস্টাইন উল্লেখিত বিশ্বব্যবস্থার তিনটি অংশ কি কি ?

উঃ কেন্দ্র(Centre), প্রান্ত(Periphery), অর্ধপ্রান্ত(Semiperiphery).

১১) আন্দ্রে গুণ্ডার ফ্রাঙ্ক বর্ণিত নির্ভরতা তত্ত্বের মূল বক্তব্য কি?

উঃ তৃতীয় বিশ্বের দেশগুলিতে অনুন্নয়ন এবং উন্নয়নের পশ্চাদগতির বর্ণনা দিতে গিয়ে তিনি উন্নত পশ্চিমী দেশগুলিকে দায়ী করেছেন।

১২) নয়া উদারবাদী দুজন তাত্ত্বিকের নাম লেখ।

উঃ রবার্ট ও. কেওহান এবং যোসেফ নাই।

১৩) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে নয়া উদারবাদী তত্ত্বের মূল বক্তব্য কি?

উঃ ‘গনতান্ত্রিক শান্তি’ প্রতিষ্ঠার ক্ষেত্রে রাষ্ট্রের স্বার্থ একমাত্র ও চরম হিসেবে বিবেচিত হবে।

১৪) আন্তর্জাতিক রাজনীতির একজন নারীবাদী প্রবক্তার নাম কর।

উঃ জুডিথ. অ্যান. টিকনার।

১৫) আন্তর্জাতিক সম্পর্কের ক্ষেত্রে নারীবাদীগণের মূল ধারণার বর্ণনা দাও।

উঃ পুরুষতান্ত্রিক আন্তর্জাতিক ব্যবস্থায় নারীদের উপর এমন কিছু অন্যায় ঘটে যা মানবাধিকার বিরোধী, পরিবার ও সমাজের মতই।